# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

১৮: জানাযার ছালাতের জন্য মৃতদেহকে নির্দিষ্ট জায়গায় রাখার আগে এবং দাফনের সময় মাটিতে রাখার আগে তার উদ্দেশ্যে দাঁড়ানোর হুকুম কি? আর দাফনের সময় দাঁড়ানোর হুকুমইবা কি? উল্লেখ্য যে, মৃতদেহকে মসজিদে প্রবেশ করানোর সময় মানুষ যখন তার জানাযার জন্য দাঁড়ায়, তখন তারা ছালাতের পরের যিকর-আযকার ছেড়ে দেয়!

মানুষের পাশ দিয়ে যখন মৃতদেহ অতিক্রম করে, তখন তার জন্য দাঁড়ানো সুন্নাত। এ মর্মে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ রয়েছে।[1]

আর ইমামের সালাম ফিরানোর পরপরই জানাযা ছালাত শুরু করার বিষয়ে আমরা বলব, যদি ছুটে যাওয়া ছালাত পূরণকারীর সংখ্যা সেখানে অনেক হয়, তাহলে বাক্বীরা তাদের জন্য অপেক্ষা করবে; যাতে তারা জানাযার ছালাতের ফযীলত থেকে বঞ্চিত না হয়ে যায় এবং যাতে জানাযায় মুছল্লীর সংখ্যা বেশী হয়। কিন্তু যদি সেখানে সবাই পূর্ণ জামা‘আত পায় অথবা রাক‘আত ছুটে যাওয়া মুছল্লীর সংখ্যা কম হয়, তাহলে তাড়াতাড়ি পড়ে নেওয়া ভাল; যাতে মানুষ না চলে যায়।

## ফুটনোট

[1]. আমের ইবনে রবী‘আহ রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক বর্ণিত মারফূ‘ হাদীছে এসেছে, ‘যখন তোমাদের কেউ মৃতদেহ দেখবে, তখন সে যদি তার সাথে গমনকারী না হয়, তাহলে দাঁড়াবে; যতক্ষণ না সে মুর্দাটিকে পেছনে ফেলে যায় অথবা মুর্দা তাকে পেছনে ফেলে যায় অথবা মুর্দা তাকে পেছনে ফেলে যাওয়ার আগে মুর্দাকে মাটিতে রাখা হয়’ (বুখারী, ‘জানাযা’ অধ্যায়, হা/১৩০৮; মুসলিম, ‘জানাযা’ অধ্যায়, হা/৯৫৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন